কালের কণ্ঠ

তারিখ: 11 MAR 2015
পৃষ্ঠা: ২ কলাম: ২

# ৩০ মের মধ্যেই এসএসসির ফল দিতে চায় বোর্ডগুলো

## দ্রুত ফল প্রকাশে নেওয়া হচ্ছে বিশেষ ব্যবস্থা

**শরীফুল আলম সুমন** ▷

পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী গতকাল মঙ্গলবার এসএসসি এবং আজ বুধবার দাখিলের লিখিত পরীক্ষা শেষ হওয়ার কথা ছিল। কিন্তু চলমান হরতাল-অবরোধে এখন পর্যন্ত মাত্র ৯ দিনের পরীক্ষা শেষ হয়েছে। সব পরীক্ষা নেওয়া হয়েছে শুধু শুক্র ও শনিবার। এভাবে পরীক্ষা চললে এসএসসিতে ১৮ দিন ও মাদ্রাসার ক্ষেত্রে ২২ দিন পেছনে পড়তে হচ্ছে। অথচ আগামী ১ জুলাই থেকে এইচএসসির নতুন শিক্ষাবর্ষ শুরু হওয়ার কথা। তাই দ্রুত ফল প্রকাশে বিশেষ কিছু ব্যবস্থা নিচ্ছে শিক্ষা বোর্ডগুলো।

গত রবিবার ঢাকা বোর্ডে আন্তশিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটির সভা হয়েছে। সেখানে সব বোর্ডের চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রকরা উপস্থিত ছিলেন। সভা সূত্র জানায়, পরীক্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে দ্রুত খাতা বিতরণ ও মূল্যায়ন করে যাতে দ্রুত খাতা ফেরত পাঠানো হয় সে নির্দেশনা দেওয়া হয়েছে শিক্ষকদের। শেষ কয়েকটি পরীক্ষার উত্তরপত্র অন্য কোনো মাধ্যমে না পাঠিয়ে কেন্দ্রসচিবরা

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ১